

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 20-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার উপস্থিতিতে রাজ্যের ১৯টি আইটিআই'র উন্নিতকরণের লক্ষ্যে আজ শিল্প ও বাণিজ্য দপ্তর এবং টাটা টেকনোলজিস লিমিটেডের মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়।
- (২) প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ গোর্খাবন্তীস্থিত প্রাণীসম্পদ বিকাশ দপ্তরে নব নিযুক্ত ৬৭জন ভেটেরিনারি অফিসারের হাতে চাকুরির নিয়োগপত্র তুলে দেন।
- (৩) আজ গোয়ায় ভারতের ৫৫তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হয়েছে।
- (৪) ত্রিপুরা ও সিকিমের মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে।

TATA-MOU :

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার উপস্থিতিতে রাজ্যের ১৯টি আইটিআই'র উন্নিতকরণের লক্ষ্যে আজ শিল্প ও বাণিজ্য দপ্তর এবং টাটা টেকনোলজিস লিমিটেডের মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। ত্রিপুরা ইনসিটিউশন ফর ট্রান্সফরমেশনের ওয়ার রুমে চুক্তি স্বাক্ষরের সময় শিল্প ও বাণিজ্যমন্ত্রী সাক্ষনা চাকমা, শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা উপস্থিত ছিলেন। শিল্প ও বাণিজ্য দপ্তরের পক্ষে সচিব কিরণ গিত্তে এবং টাটা টেকনোলজিস লিমিটেডের পক্ষে সভাপতি পবন ভাগেরিয়া চুক্তিতে স্বাক্ষর করেন। এছাড়া শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বগ্রী বি সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ এবং টাটা টেকনোলজিস লিমিটেডের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

চুক্তি স্বাক্ষরের পর মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ১৯টি আইটিআই-এর উন্নিতকরণের লক্ষ্যে টাটা টেকনোলজিস লিমিটেডের সঙ্গে যে চুক্তি সম্পাদিত হয়েছে তা রাজ্যের জন্য মাইল ফলক হবে। রাজ্যে শিল্প কারিগরী শিক্ষার ক্ষেত্রেও এই উদ্যোগ ফলপ্রসূ হবে। এই চুক্তি সম্পাদন হওয়ার ফলে প্রশিক্ষণ সুবিধার আধুনিকীকরণ, উন্নত

কোর্স প্রবর্তন এবং আইটিআই থেকে পাশ করা শিক্ষার্থীদের কর্মসংস্থানও বৃদ্ধি পাবে। মুখ্যমন্ত্রী বলেন, টাটা টেকনোলজিস লিমিটেড রাজ্যের আইটিআইগুলিতে প্রযুক্তিগত সহায়তার পাশাপাশি উন্নতমানের প্রশিক্ষণের ব্যবস্থাও করবে। প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ শিক্ষার্থীদের টাটার বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থানেরও সুযোগ করে দেওয়া হবে। এই উদ্যোগের ফলে রাজ্যের ছেলেমেয়েদের শিল্প ও কারিগরি শিক্ষায় আগ্রহ বাড়বে বলে তিনি আশা প্রকাশ করেন। মুখ্যমন্ত্রী বলেন এই চুক্তির ফলে রাজ্যের আইটিআইগুলির পরিকাঠামোগত উন্নয়ন সহ বিভিন্ন ক্ষেত্রের উন্নয়নের জন্য টাটা টেকনোলজিস লিমিটেড ও রাজ্য সরকার ৫ বছরের জন্য ৪৬:১৪ অনুপাতে অর্থ বিনিয়োগ করবে।

Sudhangsu Das-Appointment :

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ গোর্খাৰঞ্জীষ্ঠিত প্রাণীসম্পদ বিকাশ দপ্তরে নব নিযুক্ত ৬৭জন ভেটেরিনারি অফিসারের হাতে চাকুরিৰ নিয়োগপত্র তুলে দেন। মন্ত্রী শ্রী দাস বলেন প্রাণীসম্পদ বিকাশ দপ্তর হচ্ছে রাজ্যসরকারের একটি অন্যতম এবং গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তর দেশের তথা রাজ্যের অর্থনীতিতে একটি প্রধান ভূমিকা পালন করে বলে মন্ত্রী জানান। তিনি বলেন দপ্তরের আধিকারিক ও কর্মীরা দেশের ও রাজ্যের অর্থনীতিতে যোগদানের ক্ষেত্রে দপ্তরের হয়ে প্রধান ভূমিকা পালন করবেন। মন্ত্রী শ্রী দাস বলেন যেকোনো দপ্তরের কাছে সঠিক পরিমানে কর্মশক্তি না থাকলে ঠিকভাবে পরিচালিত হতে পারে না। তিনি বলেন আজকে যাদের নিয়োগ করা হয়েছে তাদেরকে নিয়ে দপ্তর আগামীদিনে সবৰকম জটিলতা মুক্ত হয়ে অগ্রগতিৰ পথে এগিয়ে যাবে। তিনি সব কর্মী আধিকারিকদের সততা, নির্ণয় ও মনোযোগ দিয়ে কাজ করার প্রয়ামণ দেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন দপ্তরের অধিকর্তা ডাঃ নিরজ কুমার চঞ্চল। দপ্তরের সচিব দীপা ডি নায়ার চাকুরীপ্রাপ্তদের শুঁখলাবজায় বেঞ্চে কাজ করার প্রয়ামণ দেন।

Jawan-Shubankar :

ভারতীয় সেনাবাহিনীৰ শহীদ জওয়ান শুভক্ষৰ ভৌমিকেৱ মৰদেহ আজ সন্ধ্যায় আগৱতলায় আনা হয়। এম বি বি বিমানবলবেৱ শহীদ জওয়ানেৱ মৰদেহে ফুল মালা দিয়ে শুন্ধা জানান রাজ্যপাল ইন্দ্রসেনা বেড়ি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। মুখ্যমন্ত্রী বলেন, শুভক্ষৰ ভৌমিক জন্মু-কাশ্মীৰেৱ সিয়াচেনে দেশেৱ জন্য দায়িত্ব পালন কৰতে গিয়ে প্রাণ হাৰিয়েছেন। বিমানবলৰ থেকে মৰদেহ নিয়ে

যাওয়া হয় বীরগঞ্জে তার নিজ বাড়িতে। উল্লেখ্য, গত ১৮ নভেম্বর সিয়াচেনে
বরফ ঝাসে তিনি মারা যান।

Cooparetive Week :

৭১তম অখিল ভারত সমবায় সঞ্চাহ উদযাপন উপলক্ষ্যে আজ কৈলাশহরের
উনকোটি কলাঞ্চেত্রে "বিকশিত ভারত নির্মাণে সমবায়ের ভূমিকা" শীর্ষক এক
আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রের উদ্বোধন করে প্রমমন্ত্রী টিংকু রায়
বলেন, গ্রামীণ অর্থনীতির বিকাশে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সমবায়ের
মাধ্যমে আঞ্চনিক বা স্বাবলম্বী হ্বার সুযোগ রয়েছে বলে তিনি মন্তব্য করেন।
বক্তব্য রাখেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশোসক
দিলীপ কুমার চাকমা, সমবায় দপ্তরের উপ-নিয়ামক বিজয় রায় প্রমুখ।
অনুষ্ঠানের শুরুতে এক বর্ণাচ্চ শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা
করে।

Cooperative Week-Khowai :

৭১ তম অখিল ভারত সমবায় সঞ্চাহ উদযাপন উপলক্ষ্যে আজ কল্যাণপুর লোটাস
কমিউনিটি হলে থোয়াই জেলা ভিত্তিক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। আলোচনার
বিষয় ছিল বিকশিত ভারত নির্মাণে সমবায় এর ভূমিকা। আলোচনাচক্রের
উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুল্ক চরণ নোয়াতিয়া। উপস্থিত ছিলেন বিধায়ক
পিনাকী দাস চৌধুরী প্রমুখ। সমবায় মন্ত্রী শুল্ক চরণ নোয়াতিয়া বলেন প্রধানমন্ত্রী
সমবায় ব্যবস্থাকে আরোও শক্তিশালী করতে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছেন।
সমবায়ের মাধ্যমে গ্রামকে আগে বিকশিত করতে হবে। তবেই ভারত যথার্থভাবে
বিকশিত হবে।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ
ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ
অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ক্ষেসবুক প্লাটফর্ম-এ এ আই আর
নিউজ-এলাটস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Flim Festival :

আজ গোয়ায় ভারতের ৫৫তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব শুরু হয়েছে। অনুষ্ঠান চলবে এই মাসের ২৮ তারিখ পর্যন্ত। সঙ্ক্ষে সাড়ে পাঁচটায় অনুষ্ঠানের জাঁকজমকপূর্ণ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয় শ্যামা প্রসাদ মুখার্জি স্টেডিয়ামে। উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এবং প্রতিমন্ত্রী এল. মুরগান উপস্থিত ছিলেন।

President :

রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মু আগামীকাল দুদিনের তেলেপোনা সফরে যাবেন। সফরকালে রাষ্ট্রপতি আগামীকাল হায়দ্রাবাদে "কোটি দীপোৎসবম"-২০২৪-এ অংশ নেবেন। শুক্রবার, তিনি হায়দ্রাবাদে লোকমহুন, ২০২৪ এ উদ্বোধনী ভাষণ দেবেন।

All Party Meeting :

সংসদের শীতকালীন অধিবেশনকে সামনে রেখে আগামী ২৪শে নভেম্বর সরকার সর্বদলীয় বৈঠক আহ্বান করবে। বৈঠকে সভাপতিত্ব করবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। বৈঠকে, অধিবেশন চলাকালীন লোকসভা এবং রাজ্যসভার কাজ নির্বিন্ম সম্পন্ন করতে সরকার সমস্ত রাজনৈতিক দলের সমর্থন চাইবে। উল্লেখ্য, শীতকালীন অধিবেশন এই মাসের ২৫ তারিখে শুরু হয়ে ২০শে ডিসেম্বর পর্যন্ত চলবে। তবে ২৬শে নভেম্বর সংবিধান দিবসে সংসদের কোনো অধিবেশন বসবে না।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদী আগামী ২৪শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৬তম পর্ব। প্রধানমন্ত্রী

জনগণকে তাদের সুচিহিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Rising day of BSF :

আগামী পঞ্চাম ডিসেম্বর রাজ্যেও বিএসএফ-এর ৬০তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করবে। জনগণের মধ্যে বাহিনীর সমৃদ্ধ ও গৌরবময় ইতিহাস প্রদর্শনের জন্য বিভিন্ন স্থানে ধারাবাহিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগামী ২৩শে নভেম্বর থেকে ২৪শে নভেম্বর পর্যন্ত আগরতলার বিভিন্ন স্থানে ব্যাস্ত শো আয়োজন করা হবে। প্রতিষ্ঠা দিবসের অঙ্গ হিসাবে আগামী ২৫শে নভেম্বর বিএসএফের সদর দপ্তরে অনুষ্ঠিত হবে রক্তদান শিবির।

Mukhamantri Samipeshu :

মুখ্যমন্ত্রী সমীপেশু কর্মসূচিতে আজও রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে জনগণ তাদের সমস্যা সমাধানের জন্য মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সাথে সাক্ষাৎ করবেন। আগরতলায় মুখ্যমন্ত্রীর সরকারী বাসভবনে আয়োজিত এই কর্মসূচিতে প্রত্যেকেই তাদের বিভিন্ন সমস্যা, অভাব ও অভিযোগের কথা মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরবেন। এদের মধ্যে বেশিরভাগই এসেছেন চিকিৎসায় সহায়তার আর্জি নিয়ে। মুখ্যমন্ত্রী ডাঃ সাহ তাদের চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র খতিয়ে দেখে সঙ্গে সঙ্গেই সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন।

Blood Donation :

জিবানিয়ায় এন আই টি সংলগ্ন টি এস আর দশম ব্যাটালিয়ানের সদর দপ্তরে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করবেন রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন। শিবিরে পাঁচ জন আধিকারিক ও ৫৩ জন জওয়ান স্বেচ্ছায় রক্তদান করবেন। উদ্বোধনী ভাষণে মহানির্দেশক টিএসআর এর কাজের প্রশংসা করবেন। তিনি বলেন, টিএসআর শুধু আইন-শৃংখলা রক্ষার কাজে নয়, সমাজের কল্যাণে দায়বদ্ধতা নিয়ে কাজ করছে। তাছাড়া টিএসআর জওয়ানরা বহিরাজ্য

ও অত্যন্ত সুনামের সঙ্গে কাজ করছে। পুলিশের মহা নির্দেশক আজ দশম ব্যাটেলিয়ানের সদর দপ্তরে জওয়ানদের জন্য দুটি ব্যারাকের উদ্বোধন করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত মহানির্দেশক জি এস ব্রাও, আই জি - টি এস আর কেরি মারাক।

Legal Awareness programme :

দক্ষিণ জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ জোলাইবাড়ি ঝকের উত্তর হিচাঁড়া ভিলেজে এক আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ভারতীয় ন্যায় সংহিতা-২০২৩, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি নতুন গৃহীত আইন সম্পর্কে আলোচনা করেন আইনজীবী দিব্যেন্দু সেন। সচেতনতা শিবিরে পৌরহিত্য করেন উত্তর হিচাঁড়া এডিসি ভিলেজের চেয়ারম্যান থাইলাগি মগ।

Yuba Morcha Bike Rally :

যুব মোচার উদ্যোগে আজ সাক্ষমের মৈত্রী সেতুর পাশ থেকে ধর্মনগর পর্যন্ত সাত দিনের বাইক র্যালি শুরু হয়েছে। প্রদেশ বিজেপি সভাপতি, সাংসদ ব্রজীব ভট্টাচার্য, প্রদেশ যুব মোচার সভাপতি, বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক মাইলাহু মগ সবুজ পতাকা নেড়ে বাইক র্যালির সূচনা করেন।

TBA :

আগামী ২৫শে নভেম্বর থেকে বেকারী সামগ্রীর দাম বাড়ছে বলে জানিয়েছেন ত্রিপুরা বেকারি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক কাজল চন্দ মোদক। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন বেকারীর সামগ্রীর জন্য প্রয়োজনীয় কাঁচামালের মূল্যবৃক্ষি ও শ্রমিকদের মজুরি বৃক্ষির কারণেই বেকারির সামগ্রির দাম বাড়াতে হচ্ছে।

Cooch Behar Trophy :

ত্রিপুরা ও সিকিমের মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। সিকিমের রংপোতে অনুষ্ঠিত খেলায়

প্রথমে ব্যাট করতে নেমে স্বাগতিক সিকিম প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১২৯ রান করে। জবাবে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ৭৬ রান করে।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াস।
